গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
(নেজারত শাখা)
www.dhakadiv.gov.bd

স্মারক নং : ০৫.৪১.৩০০০.০১৬.১১.১৫৪.২২-৩০০

তারিখ : ০২ আষাঢ় ১৪২৯ / ১৬ জুন ২০২২

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৬.১৬-২৫ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর উল্লিখিত শূন্য পদসমূহ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শূন্য পদের বিবরণ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | অর্ডারলী | ০৫ (পাঁচ) | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | (ক) শুধু মাত্র ঢাকা বিভাগের আওতাধীন ১৩টি জেলার মধ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও টাংগাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(খ) মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী কোটায় ঢাকা বিভাগের ১৩টি জেলার মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | বাবুর্চি | ০১ (এক) | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা | (ক) ঢাকা বিভাগের ১৩টি জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(খ) মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী কোটায় ঢাকা বিভাগের ১৩টি জেলার মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

### "শর্তাবলী"

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম এ কার্যালয়ের নেজারত শাখায় এবং www.mopa.gov.bd ও www.dhakadiv.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা বরাবর (স্ব-হস্তে পূরণ করে) প্রেরণ করতে হবে।

৩। আবেদনপত্র আগামী ১৭ জুলাই ২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০ এ ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৪। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোনো আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ৫X৫ সে.মি. ছবি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি।

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ।

(গ) প্রার্থীকে ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সকল পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিয়ে চালানের মূলকপি সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(ঘ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সহ ১০" x ৪.৫" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রার্থীর বয়স ১৭ জুলাই ২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধাদের পৌত্র ও পৌত্রিদের ক্ষেত্রে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(চ) সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর/ পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সম্পর্কিত সনদপত্র ১(এক) কপি (মূল) দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (আবশ্যিকভাবে) এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি ০১(এক) কপি করে দাখিল করতে হবে।

(ছ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(জ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঞ) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।

(ট) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হিসাবে চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | (নাতি/নাতনীর ক্ষেত্রে ছেলে/ মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর<br>৩। গেজেট নম্বর ও তারিখ<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ | |

(ঠ) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

(ড) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততি ও পৌত্র্য/ মহিলা/ আনসার ও ভিডিপি/ এতিম/ শারীরিক প্রতিবন্ধী/ উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসৃত হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

(ঢ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/ মাননীয় প্রধানমন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোনো সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি/ নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি/ নাতনী এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/ প্রত্যয়নপত্র দেখাতে হবে।

৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষর বিহীন, বিলম্বে প্রাপ্ত ও ভুল তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
এ. কে. এম. মাসুদুজ্জামান
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক ও আইসিটি)
ঢাকা বিভাগ, ঢাকা
ফোন: ৪৮৩২২৮২৪
ইমেল: adldivcomgdhaka@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪১.৩০০০.০১৬.১১.১৫৪.২২-৯০০(২৪১)

তারিখ : ০২ আষাঢ় ১৪২৯ / ১৬ জুন ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, -------------------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৪. পুলিশ সুপার, --------------------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা -------------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৬. উপজেলা নির্বাহী অফিসার ---------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৭. সহকারী কমিশনার (ভূমি), --------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৮. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক।
৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ প্রতিদিন।

তাঁকে উল্লেখিত বিজ্ঞাপনটি অগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০. প্রোগ্রমার/সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬/০৬/২২

মুঃ রাসেদুজ্জামান
সিনিয়র সহকারী কমিশনার (নেজারত ও হিসাব)
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
ফোন: ০২-৪৮৩১০৪৯৫
ইমেইল-nezaratdhakadiv@gmail.com

# চাকুরীর আবেদন ফরম

| |
|---|
| ৫×৫ সে.মি<br>ছবি (সম্প্রতি<br>তোলা চার কপি) |

বরাবর

.......................................

.......................................

.......................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

**১৬. শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | ব্যাংকে টাকা জমার রশিদ/স্লিপ নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর